দৈনিক সংবাদ

তারিখ JUL. 20 1999
পৃষ্ঠা ১২ কলাম ৫

79

# বিসিএস শিক্ষা সমিতি নেতাদের শো'কজ প্রতিবাদ সমাবেশ

(নিজস্ব বার্তা পরিবেশক)

শিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্তের প্রতিবাদ করায় বিসিএস শিক্ষা সমিতির সভাপতি ও মহাসচিবকে কারণ দর্শাও নোটিশ দেয়া হয়েছে। বিসিএস শিক্ষা সমিতির পক্ষ থেকে ক্ষোভ প্রকাশসহ অবিলম্বে কারণ দর্শাও নোটিশ প্রত্যাহারের দাবি জানানো হয়েছে।

ক্যাডার বহির্ভূত শিক্ষকদের ক্যাডার পদে মানোন্নয়নের সিদ্ধান্তের প্রতিবাদ করে শিক্ষা মন্ত্রণালয় বরাবর স্মারকলিপি দেয়ায় সমিতির সভাপতি অধ্যাপক জাহানারা বেগম ও মহাসচিবকে গত রোববার এ কারণ দর্শাও নোটিশ দেয়া হয়। শিক্ষা সচিব স্বাক্ষরিত নোটিশে তাদের বিরুদ্ধে সরকারি চাকরিবিধি লংঘনের অভিযোগ আনা হয়েছে এবং আগামী ১০ কর্মদিবসের মধ্যে নোটিশের জবাব দিতে বলা হয়েছে।

এছাড়া শিক্ষকদের একটি প্রতিনিধিদল গতকাল সকালে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক নাইয়ার সুলতানার সাথে সাক্ষাৎ করেছেন।